

**মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন**

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: আগস্ট ২০১৭

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০১৭

**(১) প্রশাসনিক :**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৭২	২১৭	৫৫
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৮৮৩	২৩৯
মোট	১,৫৩৬	১,১০০	২৯৪

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৯	১০	২২	১৪	৫৫
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৩	৩৭	১৪৬	০৩	২৩৯*

\* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	১৬	১৬	তৃতীয় শ্রেণি-০৭, চতুর্থ শ্রেণি-০৯
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১৫ আগস্ট ২০১৭ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া সফর করেন।	১৭-২৩ আগস্ট ২০১৭ তারিখ কানাডা এবং ২৩-২৬ আগস্ট ২০১৭ মেয়াদে নিউইয়র্ক সফর করেন	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তারিখ	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	ডিপিএ: ৩.২৮ জিওবি: ০.০২	১.৬২ (৪৯.৩৯ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১০.৭৯ জিওবি: ০.৩৩	১.১৩ (১০.৪৭ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ১.৮০	০.০৮৮ (৪.৮৯ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তারিখ
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ , ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	২৬টি	৯৪৯.৮২	০৪	১	২৫টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তারিখ: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	-	-	০৩	-
দুর্নীতি দমন কমিশন-১৬	-	-	-	-	১৬	-
মোট	০	০	০	০	১৯	

\* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১।	Case Preparation and skills	০৭-১০ আগস্ট ২০১৭	US Embassy	১৫ জন
	২।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে কর্মশালা	১৩ আগস্ট ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগে	৪০ জন
	৩।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে কর্মশালা	১৬ আগস্ট ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগে	৩৯ জন
	৪।	৫১তম সিনিয়র সিকিউরিটি কোর্স ২০১৭	১৭-২৮ সেপ্টেম্বর ২০১৭	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	একজন
	৫।	Crisis Management Countering Fraud and Anti Money Laundering	২৮-৩০ আগস্ট ২০১৭	সিঙ্গাপুর	একজন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: একজন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা নেই।

#### খ. প্রতিবেদনাধীন মাসে অতীত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

- (১) মন্ত্রিসভার তিনটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি সভা অনুষ্ঠিত হয়।
- (২) মন্ত্রিসভা-বৈঠক ২৬টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং এর মধ্যে ১১টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১৫টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।
- (৩) মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত ১৩ আগস্ট ২০১৭ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় এ বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং ২০১৬-১৭ অর্থ-বছরের চতুর্থ কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন অনুমোদন করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।
- (৪) বঙ্গবন্ধু হত্যা মামলার অন্যতম সাক্ষী এবং মুক্তিযুদ্ধে ৯ নম্বর সেক্টরের সাব-সেক্টর কমান্ডার, বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) জিয়াউদ্দিন আহমেদ ২৮ জুলাই ২০১৭ তারিখে ৬৭ বছর বয়সে মৃত্যুবরণ করেন (ইন্সালিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ৩১ জুলাই ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ৬ আগস্ট ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ ০৬ আগস্ট ২০১৭ তারিখে সিঙ্গাপুর এয়ারলাইন্সের SQ-449 ফ্লাইটযোগে সরকারি সফরে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ১২ আগস্ট ২০১৭ তারিখে একই এয়ারলাইন্সের SQ-446 ফ্লাইটযোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।
- (৬) বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার অ্যান্ড অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অটিজম বিশেষজ্ঞ, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্যা কন্যা মির্জা সায়মা ওয়াজেদ হোসেন অটিজম আক্রান্ত ব্যক্তিদের কল্যাণে নিরবচ্ছিন্ন ও উদ্ভাবনীমূলক কাজের স্বীকৃতিস্বরূপ ২৫ জুলাই ২০১৭ তারিখে নিউইয়র্কভিত্তিক অটিস্টিক শিশুদের জন্য সিমা কলাইনু স্কুল অ্যান্ড সেন্টার ফর চিলড্রেন এবং এর আন্তর্জাতিক সহযোগী প্রতিষ্ঠান ‘আই কেয়ার ফর অটিজম’ কর্তৃক ‘ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড’-এ ভূষিত হন। এ বিরল সম্মান আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান ও ভাবমূর্তি আরও সুসংহত ও উজ্জ্বলতর করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তাঁর সুযোগ্যা কন্যা মির্জা সায়মা ওয়াজেদ হোসেনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ৭ আগস্ট ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ৯ আগস্ট ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (৭) ২০০৪ সালের ২১শে আগস্ট তারিখে বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে বঙ্গবন্ধু এভিনিউতে দেশব্যাপী সন্ত্রাস ও বোমা হামলার বিরুদ্ধে আয়োজিত বাংলাদেশ আওয়ামী লীগের শান্তিপূর্ণ সমাবেশে তৎকালীন বিরোধী দলীয় নেতা, আওয়ামী লীগ সভাপতি ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে পরিচালিত ভয়াবহ গ্রেনেড হামলায় আওয়ামী লীগের ২২জন নেতা-কর্মী নিহত হন এবং পঁচ শতাধিক নেতা-কর্মী, সাংবাদিক ও নিরাপত্তা-কর্মী আহত হন। এই ভয়াবহ গ্রেনেড হামলায় নিহতদের বিদেহী আত্মার শান্তি কামনা করে, আহতদের প্রতি সমবেদনা জানিয়ে এবং এই ঘৃণ্য ও বর্বরোচিত ঘটনার নিন্দা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২১ আগস্ট ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৩ আগস্ট ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (৮) বাংলা চলচ্চিত্রের অন্যতম জনপ্রিয় অভিনেতা জনাব আব্দুর রাজ্জাক ২১ আগস্ট ২০১৭ তারিখে ৭৫ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্সালিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাতে কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৮ আগস্ট ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ৩০ আগস্ট ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (৯) প্রখ্যাত ক্রীড়াবিদ জনাব শামসুল আলম মোল্লা ২৭ আগস্ট ২০১৭ তারিখে ৭৩ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্সালিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। কুতী ফুটবলার জনাব শামসুল আলম মোল্লার মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাতে কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৮ আগস্ট ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ৩০ আগস্ট ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (১০) প্রবীণ রাজনীতিবিদ, সাবেক সংসদ-সদস্য ও বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট খান টিপু সুলতান ১৯ আগস্ট ২০১৭ তারিখে ৬৭ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্সালিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। খান টিপু সুলতান আওয়ামী যুবলীগের অন্যতম প্রতিষ্ঠাতা

সদস্য ছিলেন। তিনি যশোর-৫ মণিরামপুর আসন থেকে আওয়ামী লীগের মনোনয়নে পঞ্চম, সপ্তম ও নবম জাতীয় সংসদ নির্বাচনে সংসদ-সদস্য নির্বাচিত হন। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৮ আগস্ট ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ৩০ আগস্ট ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) আগস্ট ২০১৭ মাসে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৭টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(১২) রাঙ্গামাটি জেলার লংগদু উপজেলায় ০২ জুন ২০১৭ তারিখে সংঘটিত সহিংস ঘটনা সংক্রান্ত তদন্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১ আগস্ট ২০১৭ তারিখে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়; জেলা প্রশাসক, রাঙ্গামাটি; পুলিশ সুপার, রাঙ্গামাটি; সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) গাজীপুর জেলাধীন কাশিমপুরস্থ মালটিফ্যাবস লিমিটেড কারখানায় বয়লার বিস্ফোরণের পরিপ্রেক্ষিতে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুরের নেতৃত্বে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ৭ আগস্ট ২০১৭ তারিখে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়; সচিব, শ্রম ও কর্মসংস্থান/পরিবেশ ও বন মন্ত্রণালয়/বিদ্যুৎ/সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) হবিগঞ্জ জেলার খোয়াই নদীরক্ষা-বীধ ভাঙ্গান রোধে ব্যবস্থাগ্রহণ সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৩ আগস্ট ২০১৭ তারিখে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) রংপুর বিভাগের বিভিন্ন জেলায় বন্যাজনিত ক্ষয়ক্ষতিরোধে ব্যবস্থাগ্রহণ সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৩ আগস্ট ২০১৭ তারিখে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় ; সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়; বিভাগীয় কমিশনার, রংপুর; জেলা প্রশাসক, দিনাজপুর/নীলফামারী/কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) রংপুর বিভাগের বিভিন্ন জেলায় বন্যাকবলিত দুর্গত জনসাধারণকে উদ্ধারকাজে সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে ১৩ আগস্ট ২০১৭ তারিখে প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) হবিগঞ্জ জেলার বাহবল উপজেলাধীন ৩ নম্বর সাতকাহন ইউনিয়নের মুগকান্দি গ্রামে সংঘটিত ঘটনা সম্পর্কিত প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৬ আগস্ট ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) কক্সবাজার জেলার রামু উপজেলাস্থ উত্তর মিঠাছড়ি প্রজ্ঞামিত্র বন বিহারে সংগঠিত ডাকাতির বিষয়ে সরেজমিন তদন্ত প্রতিবেদনের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২০ আগস্ট ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) দেশের সার্বিক বন্যা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২০ আগস্ট ২০১৭ তারিখে জেলা প্রশাসক, দিনাজপুর/নীলফামারী/লালমনিরহাট/কুড়িগ্রাম/ঠাকুরগাঁও/পঞ্চগড়/গাইবান্ধা/বগুড়া/সিরাজগঞ্জ/জামালপুর/সুনামগঞ্জ/নেত্রকোণা, রাঙ্গামাটি/ব্রাহ্মণবাড়িয়া/ফরিদপুর/রাজবাড়ী/যশোর/ময়মনসিংহ/টাঙ্গাইল ও সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে বন্যা কবলিত এলাকায় গৃহিতব্য কার্যক্রম ও বন্যা হতে পারে এমন এলাকার জন্য প্রস্তুতি ও করণীয় নির্ধারণ বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ২০ আগস্ট ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাধীন শম্ভুপুর রেলওয়ে লেভেল ক্রসিং-এ ট্রেন-বাস দুর্ঘটনা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২২ জুলাই ২০১৭ তারিখে সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) ঈদ-উল-আযহা ২০১৭ উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা, অগ্রিম টিকেট বিক্রয়, টিকেট কালোবাজারি রোধ, যাত্রীদের নিরাপদ চলাচল নিশ্চিত করার লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সংক্রান্ত বিষয়ে ৩০ আগস্ট ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) বন্যা পরিস্থিতি মোকাবেলায় রংপুর বিভাগে মোতায়েনকৃত সেনাবাহিনী প্রত্যাহার সংক্রান্ত বিষয়ে ৩১ আগস্ট ২০১৭ তারিখে প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) বাংলাদেশে অবস্থানকারী মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) অস্থায়ী আশ্রয়কেন্দ্রের জন্য স্থান নির্ধারণ সংক্রান্ত বিষয়ে ৩১ আগস্ট ২০১৭ তারিখে সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

- (২৫) বাংলাদেশ-মিয়ানমারের সীমান্ত এলাকার পরিস্থিতি অবহিতকরণ সংক্রান্ত বিষয়ে ৩১ আগস্ট ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৬) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে আইন-শৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ৩১ আগস্ট ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৭) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় অভিযোগপত্র দাখিল ৭২ জন, এফআরটি ১৭ জন, সাময়িক বরখাস্তকরণ ০৩জন এবং নথিভুক্তির জন্য ৮৯জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং দুর্নীতি দমন কমিশনে ০১জন কর্মকর্তাকে পরিচালক পদে এবং ০১জন কর্মকর্তাকে উপপরিচালক পদে প্রেরণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।
- (২৮) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ জুলাই ২০১৭ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।
- (২৯) জেলা প্রশাসককে সভাপতি/আহ্বায়ক করে বিভিন্ন সময়ে মন্ত্রণালয়/বিভাগ-সংশ্লিষ্ট বিভিন্ন কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিসমূহ এখনও কার্যকর রয়েছে কিনা অথবা কমিটির রূপরেখা সংশোধন করা হয়েছে কিনা কিংবা আরও কোন কমিটি রয়েছে কিনা যাচাইপূর্বক সে বিষয়ে সুস্পষ্ট মতামত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে তাগিদ-২ পত্র প্রদান করা হয়।
- (৩০) বিভাগীয় কমিশনার, ঢাকা থেকে প্রাপ্ত পত্রের আলোকে সার্ভেয়ারগণকে মন্ত্রণালয়/অধিদপ্তর থেকে সরাসরি জেলা/উপজেলায় পদায়ন না করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।
- (৩১) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার কতিপয় সরকারি কর্মকর্তার ইচ্ছেমত এবং অনিয়মিতভাবে অফিস করার বিষয়ে অভিযোগ সংবলিত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ বরাবর দু'টি পত্র প্রেরণ করা হয়।
- (৩২) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৭জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১২জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।
- (৩৩) National Household Database (NHD) প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (৩৪) রাজামাটি পার্বত্য জেলার জেলা প্রশাসকের বাংলা এবং তৎসংলগ্ন স্থাপনা রক্ষার্থে প্রতিরক্ষা দেওয়াল নির্মাণ সংক্রান্ত পত্র পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (৩৫) আন্তর্জাতিক সাক্ষরতা দিবস , ২০১৭ উদ্‌যাপন সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।
- (৩৬) পানিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৭) নারায়ণগঞ্জ শহরে অবস্থিত খাসভূমিতে প্রবীণ জনগোষ্ঠী এবং দুস্থ ও পথশিশুদের পুনর্বাসন সংক্রান্ত পত্র সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (৩৮) দোহাজারী থেকে কক্সবাজারের রামু এবং রামু থেকে মায়ানমারের সীমান্তবর্তী গুনদুম পর্যন্ত সিঞ্জেল লাইন ডুয়েলগেজ ট্র্যাক নির্মাণ শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিতকরণ সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হয়।
- (৩৯) পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে কোরবানির পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণ সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (৪০) রাজশাহী বিভাগের বন্যাকবলিত এলাকায় খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনার জন্য অতিরিক্ত চাল সরবরাহ সংক্রান্ত পত্র দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৪১) জেলা প্রশাসনের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে উপদেষ্টা (Mentor) মনোনয়ন সংক্রান্ত পত্র সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ করা হয়।

(৪২) ০৬ আগস্ট তারিখে ‘Technical Support for CRVS System Improvement in Bangladesh-2<sup>nd</sup> Phase’- শীর্ষক প্রস্তাবিত কারিগরি সহায়তা প্রকল্পের জন্য আর্থিক সহায়তা চুক্তি অনুমোদনের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে অনুরোধ করা হয়েছে এবং ৩১ আগস্ট তারিখে এ বিষয়ে অনুমোদন পাওয়া গেছে।

(৪৩) ১৬ আগস্ট তারিখে ‘Technical Support for CRVS System Improvement in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মেয়াদ বৃদ্ধিকরণের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মতি পাওয়া গেছে।

(৪৪) ২৮ আগস্ট তারিখে Technical Support for CRVS System Improvement in Bangladesh- শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ‘কালীগঞ্জ মডেল’ দেশের অন্যান্য স্থানে বাস্তবায়ন সংক্রান্ত অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৪৫) Social Security Policy Support (SSPS) Programme-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ১-৩ আগস্ট চট্টগ্রাম বিভাগে, ৭-৮ আগস্ট তারিখে খুলনা বিভাগে, ১০ আগস্ট তারিখে ঢাকা বিভাগের ঢাকা জেলায় এবং ১৬-১৭ মেয়াদে রাজশাহী বিভাগে Orientation Seminar on the NSSS for the UNOs শীর্ষক ৭টি অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়েছে এবং এতে উল্লিখিত বিভাগসমূহের সর্বমোট ৩৫০জন উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসকসহ মাঠপর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেছেন।

(৪৬) ৩০ আগস্ট তারিখে মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ সংক্রান্ত প্রস্তাব পর্যালোচনা ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত কমিটির চতুর্থ সভা অনুষ্ঠিত হয়।

(৪৭) ০৩ আগস্ট ২০১৭ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক অনুমোদিত মাঠপর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর ফরমেট অনুমোদিত হয়।

(৪৮) ০৩ এবং ৩১ আগস্ট তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৪৯) ‘Capacity Development of the Cabinet Division and Field Administration’-শীর্ষক প্রস্তাবিত কারিগরি সহায়তা প্রকল্প অনুমোদনের জন্য আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ পরিকল্পনা কমিশনকে অনুরোধ করা হয়।

(৫০) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর আর্থিক সহায়তাপুষ্টি ‘Supporting the Good Governance Programme’-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে অনুরোধ করা হয়।

(৫১) ১০ আগস্ট তারিখের তখন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৫২) ২৮ আগস্ট তারিখে জেলা সদরে কোরভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮৪তম সভা অনুষ্ঠিত হয়।

### গ. আগামী (সেপ্টেম্বর-অক্টোবর) মাসে সম্পাদ্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক দাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/টাস্কফোর্স/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন করা হতে পারে।

(৫) নিকার-এর ১১৪তম সভা।

(৬) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৭) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।

(৮) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(৯) “Building Civil Registration and Vital Statistics in Bangladesh”-শীর্ষক প্রকল্পপ্রস্তাব প্রণয়ন।

(১০) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত ‘কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি’র-এর সভা।

(১১) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিং-এর ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(১২) ১৯৯১ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের সার-সংক্ষেপ (কার্যবিবরণীসহ) এবং বিজ্ঞপ্তির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভসে হস্তান্তরের নিমিত্তে উক্ত দলিলাদির খন্ডসমূহে পৃষ্ঠা-নম্বর প্রদান করা হবে এবং ১৯৯০ সালের খন্ডসমূহ প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

(মুহাম্মদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: [report\\_sec@cabinet.gov.bd](mailto:report_sec@cabinet.gov.bd)